বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ফোন ঃ ৯৫৫৭৯৪৮
ফ্যাক্স ঃ ০২-৯৫৬১২১১
Email : dgmppd@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ-২

প্রকা/ক্রেবি-২/রুমাবি-৩২৫/২০১৯-২০২০/৪১২ তারিখ ঃ ১৭-১০-২০১৯ খ্রিঃ

স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ১০(দশ) টাকার হিসাবধারীদের জন্য গঠিত ২০০ কোটি টাকা পুনঅর্থায়ন স্কীমের আওতায় ২০১৯ সালের (জানুয়ারী-ডিসেম্বর) স্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ ঋণ বিতরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র কার্যালয়ের ১০-০১-২০১৯ ইং তারিখের পত্র নং রপ্রকা/রুমাবি-৩২৫/২০১৮-২০১৯/৫০৫(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকান্ডকে বিস্তৃত করার জন্য এবং ভিন্ন ভিন্ন পেশার দরিদ্র ব্যক্তিদের নামে খোলা ১০ টাকার হিসাবগুলো সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডকে গতিশীল করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে ২০০ কোটি টাকার আবর্তনশীল পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হয়।

০৩। উক্ত তহবিলের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে অত্র ব্যাংক প্রতি বছর ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে শাখার মাধ্যমে সরাসরি ঋণ বিতরণ করে থাকে। এ প্রেক্ষিতে অত্র ব্যাংক অঞ্চল ভিত্তিক ২০১৯ সালে (জানুয়ারী-ডিসেম্বর) এ খাতে ১২.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়। লক্ষ্যমাত্রার বিপরীতে সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত ঋণ বিতরণ হয়েছে মাত্র ৪.৭৮ কোটি টাকা যা শতকরা হারে মাত্র ৪০% যা উদ্বেগজনক। উক্ত সময়কালে আনুপাতিক লক্ষ্যমাত্রা ৭৫% অর্জিত হাওয়ার কথা। আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক গভীর অসন্তোষ প্রকাশ করেছেন। অঞ্চল ভিত্তিক ডিসেম্বর/২০১৯ মাসের মধ্যে প্রদত্ত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য আপনাদেরকে পুনরায় আলোচ্য খাতে ঋণ বিতরণের জন্য অনুরোধ করা হলো। লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০-০৯-২০১৯ তারিখ পর্যন্ত এখাতে অর্জনের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | অঞ্চলের নাম | লক্ষ্যমাত্রা ২০১৯ (জানুঃ-ডিসেঃ) পর্যন্ত | ৩০-০৯-২০১৯ পর্যন্ত অর্জন | হার |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ঢাকা | ১৫.০০ | ২.০০ | ১৩% |
| ০২ | | নারায়নগঞ্জ | ২৫.০০ | ১.০০ | ৪% |
| ০৩ | | গাজীপুর | ১৫.০০ | ০ | ০% |
| ০৪ | | নরসিংদী | ২৫.০০ | ১৬.০০ | ৬৪% |
| ০৫ | | মুন্সীগঞ্জ | ২৫.০০ | ৩.০০ | ১২% |
| ০৬ | | মানিকগঞ্জ | ২০.০০ | ৬.০০ | ৩০% |
| ০৭ | | টাঙ্গাইল (উঃ) | ৩৫.০০ | ২৬.০০ | ৭৪% |
| ০৮ | | টাঙ্গাইল (দঃ) | ২৫.০০ | ১১.০০ | ৪৪% |
| | | মোট ঃ | ১৮৫.০০ | ৬৫.০০ | ৩৫% |
| ০৯ | ময়মনসিংহ | ময়মনসিংহ(দঃ) | ২০.০০ | ১.০০ | ৫% |
| ১০ | | ময়মনসিংহ(উঃ) | ২০.০০ | ০ | ০% |
| ১১ | | জামালপুর | ২৫.০০ | ৬.০০ | ২৪% |
| ১২ | | নেত্রকোনা | ২৫.০০ | ৪৫.০০ | ১৮০% |
| ১৩ | | কিশোরগঞ্জ | ২৫.০০ | ৩.০০ | ১২% |
| ১৪ | | শেরপুর | ১৫.০০ | ৪.০০ | ২৭% |
| | | মোট ঃ | ১৩০.০০ | ৫৯.০০ | ৪৫% |
| ১৫ | চট্টগ্রাম | চট্টগ্রাম (পু) | ১৫.০০ | ০ | ০% |
| ১৬ | | চট্টগ্রাম (প) | ১৫.০০ | ১৩.০০ | ৮৭% |
| ১৭ | | কক্সবাজার | ১৫.০০ | ৪.০০ | ২৭% |
| ১৮ | | পটিয়া | ১৫.০০ | ৮.০০ | ৫৩% |
| ১৯ | | বান্দরবান | ১০.০০ | ৭.০০ | ৭০% |
| ২০ | | রাঙ্গামাটি | ১০.০০ | ৮.০০ | ৮০% |
| ২১ | | খাগড়াছড়ি | ১০.০০ | ৪.০০ | ৪০% |
| | | মোট ঃ | ৯০.০০ | ৪৪.০০ | ৪৯% |
| ২২ | কুমিল্লা | কুমিল্লা | ৩০.০০ | ৮.০০ | ২৭% |
| ২৩ | | চাঁদপুর | ১৫.০০ | ১.০০ | ৭% |
| ২৪ | | ব্রাহ্মনবাড়ীয়া | ২৫.০০ | ৬.০০ | ২৪% |
| ২৫ | | নোয়াখালী | ১০.০০ | ৩.০০ | ৩০% |
| ২৬ | | লক্ষীপুর | ১৫.০০ | ২.০০ | ১৩% |
| ২৭ | | ফেনী | ১৫.০০ | ২.০০ | ১৩% |
| ২৮ | | লাকসাম | ১৫.০০ | ২.০০ | ১৩% |
| | | মোট ঃ | ১২৫.০০ | ২৪.০০ | ১৯% |
| ২৯ | সিলেট | সিলেট | ৪০.০০ | ২৩.০০ | ৫৮% |
| ৩০ | | মৌলভীবাজার | ৮০.০০ | ৪২.০০ | ৫৩% |
| ৩১ | | হবিগঞ্জ | ১৫.০০ | ৯.০০ | ৬০% |
| ৩২ | | সুনামগঞ্জ | ২০.০০ | ৩৫.০০ | ১৭৫% |
| | | মোট ঃ | ১৫৫.০০ | ১০৯.০০ | ৭০% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৩ | কুষ্টিয়া | কুষ্টিয়া | ২০.০০ | ১.০০ | ৫% |
| ৩৪ | | ঝিনাইদহ | ২০.০০ | ৯.০০ | ৪৫% |
| ৩৫ | | মাগুরা | ১০.০০ | ০ | ০% |
| ৩৬ | | চুয়াডাঙ্গা | ১০.০০ | ০ | ০% |
| ৩৭ | | মেহেরপুর | ১০.০০ | ৬.০০ | ৬০% |
| | | মোট ঃ | ৭০.০০ | ১৬.০০ | ২৩% |
| ৩৮ | খুলনা | খুলনা | ২৫.০০ | ৭.০০ | ২৮% |
| ৩৯ | | যশোর | ২৫.০০ | ৭.০০ | ২৮% |
| ৪০ | | বাগেরহাট | ২০.০০ | ৪.০০ | ২০% |
| ৪১ | | সাতক্ষীরা | ১৫.০০ | ২.০০ | ১৩% |
| ৪২ | | নড়াইল | ১০.০০ | ৪.০০ | ৪০% |
| | | মোট ঃ | ৯৫.০০ | ২৪.০০ | ২৫% |
| ৪৩ | বরিশাল | বরিশাল | ৪০.০০ | ২৩.০০ | ৫৮% |
| ৪৪ | | পিরোজপুর | ২০.০০ | ১৪.০০ | ৭০% |
| ৪৫ | | পটুয়াখালী | ৬০.০০ | ২৭.০০ | ৪৫% |
| ৪৬ | | ঝালকাঠি | ২০.০০ | ১১.০০ | ৫৫% |
| ৪৭ | | ভোলা | ১০.০০ | ০ | ০% |
| ৪৮ | | বরগুনা | ১০.০০ | ১.০০ | ১০% |
| | | মোট ঃ | ১৬০.০০ | ৭৬.০০ | ৪৮% |
| ৪৯ | ফরিদপুর | ফরিদপুর | ৪০.০০ | ২৬.০০ | ৬৫% |
| ৫০ | | রাজবাড়ী | ৩০.০০ | ৮.০০ | ২৭% |
| ৫১ | | শরিয়তপুর | ৩০.০০ | ১.০০ | ৩% |
| ৫২ | | গোপালগঞ্জ | ৪০.০০ | ১৪.০০ | ৩৫% |
| ৫৩ | | মাদারীপুর | ২০.০০ | ১২.০০ | ৬০% |
| | | মোট ঃ | ১৬০.০০ | ৬১.০০ | ৩৮% |
| ৫৪ | কর্পোরেট শাখাসমূহ | স্থানীয় মুখ্য কার্যালয় | ২.৫০ | ০ | ০% |
| ৫৫ | | কাওরানবাজার কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| ৫৬ | | বনানী কর্পোরেট | ২.৫০ | ০ | ০% |
| ৫৭ | | নারায়নগঞ্জ কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| ৫৮ | | সিলেট কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| ৫৯ | | চট্টগ্রাম কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| ৬০ | | আগ্রাবাদ কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| ৬১ | | খুলনা কর্পোঃ | ২.৫০ | ০ | ০% |
| | | মোটঃ | ২০.০০ | ০ | ০% |
| | | সর্বমোট | ১২০০.০০ | ৪৭৮.০০ | ৪০% |

০৪। উপরোক্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় জানুয়ারী-সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত গাজীপুর, মাগুরা, ময়মনসিংহ(উঃ) চট্টগ্রাম (পূর্ব), চুয়াডাঙ্গা, ভোলা অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহ আলোচ্য খাতে কোন ঋণ বিতরণ করেনি। ঋণ বিতরণ না করার কারণে বাংলাদেশ ব্যাংক বিগত পর্যালোচনা সভায় এতদবিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয়।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে বিষয়টির উপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আগামী ডিসেম্বর/২০১৯ এর মধ্যে ১০০% বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনসহ বিতরণকৃত ঋণ আদায়ের বিষয়টিও নিশ্চিত করতে হবে। প্রতিমাসে বিতরণকৃত ঋণের বিবরণী যথারীতি পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নতুন ইংরেজী ফরমেটে যথাযথ কলাম পুরণ পূর্বক বিবরণী মাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি বিতরণকৃত ঋণের নমুনাস্বরূপ প্রতি শাখা থেকে একটি করে ঋণ বিতরণ ফরমের ফটোকপি প্রেরণ করতে হবে। অগ্রাধিকার খাত বিধায় লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারণে কোন জটিলতার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে। উল্লেখ্য যে, ২/৩মাসের একত্রিত প্রতিবেদন পাঠানো যাবে না এবং শুধুমাত্র সংশ্লিষ্ট মাসের বিতরিত ঋণের তথ্য ছাড়া পিছনের কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। এমতাবস্থায়, শাখা পর্যায়ে আলোচ্য খাতে ঋণ বিতরণ ও আদায়ের বিষয়টি গুরুত্বসহকারে মনিটরিং করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

১৭.১০.১৯

(আশরাফুল হাসান)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ), মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের উক্ত পুন অর্থায়ন কর্মসূচীর ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য অঞ্চল প্রধানদের পরামর্শ দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য তাঁদেরকে অনুরোধ করা হলো।

০৪। অফিস নথি।